আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ
ঢাকা সেনানিবাস

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে এএমসি ক্যাডেট এবং এএফএমসি ক্যাডেট হিসাবে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে ।

ভর্তির আবেদন অন-লাইনে গ্রহণ শুরুর তারিখ ও সময়ঃ	**১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ ১০০০ ঘটিকা।**
ভর্তির আবেদন অন-লাইনে গ্রহণ শেষের তারিখ ও সময়ঃ	**২৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ ১৪০০ ঘটিকা।**
লিখিত ভর্তির পরীক্ষাঃ	**২০ অক্টোবর ২০১৭ তারিখ শুক্রবার বিকাল ১৫৩০ ঘটিকায়।**
ভর্তির আবেদনপত্রের ফিঃ	**১,০০০/- (এক হাজার টাকা মাত্র) (অফেরতযোগ্য)**

১। আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

ক। **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ**

(১) **এএমসি ক্যাডেটঃ** এসএসসি/সমমান পরীক্ষা ২০১৪/২০১৫ এবং এইচএসসি/সমমান পরীক্ষা ২০১৬/২০১৭ সনে বিজ্ঞান বিভাগে পাশ করা ছাত্র/ছাত্রীদেরকে ন্যূনতম মোট জিপিএ ১০.০০ (উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০) প্রাপ্ত হতে হবে।

(২) **এএফএমসি ক্যাডেটঃ** এসএসসি/সমমান পরীক্ষা ২০১৪/২০১৫ এবং এইচএসসি/সমমান পরীক্ষা ২০১৬/২০১৭ সনে বিজ্ঞান বিভাগে পাশ করা ছাত্র/ছাত্রীদেরকে ন্যূনতম মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। শুধুমাত্র উপজাতীয় কোটাভূক্ত আসনের প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ হতে হবে। তবে কোন অবস্থাতেই উপজাতীয় প্রার্থীর এসএসসি এবং এইচএসসি অথবা সমমান পরীক্ষায় কোন একটিতে জিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

(৩) সকলের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ হতে হবে ।

(৪) যারা ২০১৪ সনের পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষা পাশ করেছেন তারা আবেদন করতে পারবেন না।

খ। **শারীরিক যোগ্যতা ঃ** প্রার্থীকে অবশ্যই নিম্নলিখিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে ঃ

(১) এএমসি ক্যাডেটঃ

	পুরুষ	মহিলা
উচ্চতা (ন্যূনতম)	ঃ ১.৬৩ মিঃ (৫ ফুট ৪ ইঞ্চি)	ঃ ১.৫৭ মিঃ (৫ ফুট ২ ইঞ্চি)
ওজন (ন্যূনতম)	ঃ ৪৫.৪৫ কেজি (১০০ পাউন্ড)	ঃ ৪০.৯০ কেজি (৯০ পাউন্ড)
বুকের মাপ (ন্যূনতম)	ঃ স্বাভাবিক-৭৬ সেঃ মিঃ (৩০ ইঞ্চি) সম্প্রসারিত - ৮১ সেঃ মিঃ (৩২ ইঞ্চি)	ঃ স্বাভাবিক-৭১ সেঃ মিঃ (২৮ ইঞ্চি) সম্প্রসারিত -৭৬ সেঃ মিঃ (৩০ ইঞ্চি)
দৃষ্টি শক্তি	ঃ ৬/৬ {± 1.5 (Spherical); ± 1.0 (Cylindrical)} Colour Blindness গ্রহণযোগ্য হবে না	ঃ ৬/৬ {± 1.5 (Spherical); ± 1.0 (Cylindrical)} Colour Blindness গ্রহণযোগ্য হবে না
শ্রবন শক্তি	ঃ গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকতে হবে	ঃ গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকতে হবে ।

(২) এএফএমসি ক্যাডেটঃ

মেডিক্যাল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে। ওজনের ক্ষেত্রে সেনাবাহিনীতে প্রচলিত এতদ্‌সংক্রান্ত চার্ট অনুসরণ করা হবে এবং চার্টে উল্লেখিত সর্বোচ্চ ওজনের ১৫ পাঃ বেশী ওজন বিবেচনায় আনা যেতে পারে ।

গ। **ভর্তির শর্তাবলী ঃ**

এএমসি ক্যাডেট ঃ

(১) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

(২) ০১ জুলাই ২০১৭ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসর হতে হবে।

(৩) লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ এএমসি ক্যাডেট প্রার্থীদের মধ্য হতে লিখিত ভর্তি পরীক্ষা এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদেরকে মেধা অনুযায়ী আইএসএসবি'র সম্মুখীন হতে হবে।

(৪) আইএসএসবি উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত শারীরিক যোগ্যতা নিরুপণ পূর্বক মেধা ও কোটার ভিত্তিতে এএমসি ক্যাডেট হিসেবে কলেজে ভর্তি করা হবে।

(৫) এএমসি ক্যাডেটদের ভর্তি ফি ও টিউশন ফি মওকুফ থাকবে। তবে তাদের কশন মানি (ফেরতযোগ্য), আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরী ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে।

(৬) এমবিবিএস কোর্স এবং ইন্টার্ণশীপ প্রশিক্ষণ সমাপনের পর এএমসি ক্যাডেটগণ সেনাবাহিনীর প্রয়োজন সাপেক্ষে নির্বাচনী প্রক্রিয়ার কার্যাদি সম্পাদনের পর আর্মি মেডিক্যাল কোরে যোগদান করবে।

(৭) ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকগণকে কলেজ কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে এবং এমবিবিএস কোর্স ও ইন্টার্ণশীপ সমাপনের পর এএমসি ক্যাডেট সেনাবাহিনীর প্রয়োজন সাপেক্ষে আর্মি মেডিক্যাল কোরে যোগদান করতে অনিচ্ছুক হলে তাকে নির্ধারিত অংকের ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

<u>এএফএমসি ক্যাডেট ঃ</u>

(১) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং অবিবাহিত হতে হবে ।

(২) ০১ জুলাই ২০১৭ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসর হতে হবে ।

(৩) লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ এএফএমসি ক্যাডেট প্রার্থীদের মধ্য হতে লিখিত ভর্তি পরীক্ষা এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের মেধা অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা নিরুপণ ও সকল মূল নথি-পত্র নিরীক্ষণ পূর্বক এএফএমসি ক্যাডেট হিসাবে নির্বাচন করা হবে ।

(৪) এএফএমসি ক্যাডেটদের আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজের প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি, টিউশন ফি, কশন মানি (ফেরতযোগ্য), আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরী ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে ।

(৫) ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকগণকে কলেজ কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে এবং এমবিবিএস কোর্সে অধ্যয়নকালীন ও ইন্টার্ণশীপ প্রশিক্ষণকালীন কেউ কলেজ হতে স্বেচ্ছায় অথবা বহিষ্কৃত হলে তাকে চুক্তি মোতাবেক নির্ধারিত অংকের ক্ষতিপূরণ প্রদান করতে হবে ।

২। **<u>আবেদনের পদ্ধতি ঃ</u>**

ক। ভর্তির আবেদনপত্র অনলাইনে ১০ সেপ্টেম্বর (১০০০ ঘটিকা) হতে ২৪ সেপ্টেম্বর ২০১৭ (১৪০০ ঘটিকা) তারিখ পর্যন্ত পাওয়া যাবে। আবেদনপত্র প্রাপ্তির ওয়েব ঠিকানা **<u>http://afmc.teletalk.com.bd</u>**.

খ। **<u>ফর্ম পূরণের প্রক্রিয়াঃ</u>**

(১) ইন্টারনেটে ওয়েব ঠিকানায় প্রথম ধাপে জাতীয় কারিকুলাম (এসএসসি ও এইচএসসি/সমতুল্য) এর জন্য ও জিসিই (এ/ও/উভয় লেভেল) এর জন্য আলাদা পথ নির্দেশ করা আছে।

(২) জাতীয় কারিকুলামে পাশ করা প্রার্থীগণের জন্য দ্বিতীয় ধাপে এসএসসি ও এইচএসসি রোল নম্বর, রেজিস্ট্রেশন নং বোর্ড ও সন টাইপ করে সাবমিট-এ ক্লিক করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রীনে আসবে। এ/ও লেভেল-এ পাশ করা প্রার্থীগণের জন্য Director, Medical Education, DGHS এর কাছ থেকে Equivalent Certificate ও Code সংগ্রহ করতে হবে এবং কোড নং টাইপ করে সাবমিট করলে ফর্ম পাওয়া যাবে।

(৩) আবেদন পত্র পূরণের জন্য টাইপ ও অপশন নির্বাচন ছাড়া নিম্নলিখিত দুইটি নথি সংযুক্ত করতে হবে।

(ক) ছবি (৩০০/৩০০ পিক্সেল যা ১০০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে)।

(খ) স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল যা ৬০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে)।

(৪) আবেদনপত্র পূরণ সঠিক ভাবে সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রীনে প্রার্থীর পূরণকৃত আবেদনের নমুনা আসবে যার প্রিন্ট নেওয়া যাবে।

(৫) প্রার্থীকে আবেদন পত্র পূরণের ৪৮ ঘন্টার মধ্যে নির্দেশিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার আনুষঙ্গিক খরচ বাবদ ১,০০০/- (এক হাজার মাত্র) টাকা (অফেরতযোগ্য) টেলিটক মোবাইল সংযোগের মাধ্যমে পাঠাতে হবে। অন্যথায় আবেদন বাতিল হয়ে যাবে। তবে প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে পুনরায় আবেদন করতে পারবেন। টাকা সঠিক ভাবে জমা হলে ফর্মে দেওয়া মোবাইল নম্বরে SMS-এ অবগত করা হবে। টাকা পাঠানোর শেষ সময় ২৬ সেপ্টেম্বর ২০১৭ তারিখ ১৪০০ ঘটিকা পর্যন্ত।

(৬) আবেদনকারী ৭০০০ (সাত হাজার) জন এর বেশি হলে, মেধা ও কোটার ভিত্তিতে **<u>প্রথম ৭০০০ জনকে ভর্তি পরীক্ষার জন্য নির্বাচন করা হবে</u>**। নির্বাচিত প্রার্থীগণকে যথাসময়ে মোবাইলে SMS দ্বারা অবহিত করা হবে।

(৭) লিখিত ভর্তি পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে **১৫ অক্টোবর ২০১৭** তারিখ সকাল ১০০০ ঘটিকা হতে পরীক্ষার পূর্ব পর্যন্ত একই ওয়েব সাইট (http://afmc.teletalk.com.bd) হতে প্রবেশ পত্র ডাউনলোড করতে পারবেন। যেখানে প্রার্থীর রোল নং, পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম ও প্রশ্নের মাধ্যম (বাংলা/ইংরেজি) উল্লেখ থাকবে। প্রবেশপত্রটি পরবর্তিতে প্রার্থীর পরিচয় পত্র হিসেবে গ্রহণযোগ্য হবে। প্রবেশপত্র হারানো গেলে পূনরায় তা একই ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে। পরীক্ষার হলে অবশ্যই প্রবেশপত্র নিয়ে আসতে হবে।

(৮) পরীক্ষা ফি ১,০০০/- (এক হাজার মাত্র) টাকা Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে। অন্যান্য সকল কাজ অন্য যে কোন মোবাইল থেকে করা যাবে ।

(৯) পরীক্ষা ফি জমা দেওয়ার পদ্ধতি: (ক) টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপশনে গিয়ে AFMC লিখে, স্পেস দিয়ে User ID লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরণঃ AFMC<Space>ABCDEF (এখানে ABCDEF ফরম পূরণ করার পর পাওয়া User ID)। ফিরতি SMS-এ একটি PIN প্রার্থীকে জানানো হবে এবং ফিস জমার সম্মতি চাওয়া হবে। উত্তরে প্রার্থীকে AFMC<Space><YES><Space>PIN লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। এই SMS পাবার পর আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

(১০) আবেদনপত্র পূরণে কোন ভুল হলে প্রার্থী পূণরায় আবেদনপত্র পূরণ করতে পারবেন। সে ক্ষেত্রে প্রার্থীকে পূণরায় আবেদপত্র ফি প্রদান করতে হবে (ইতিমধ্যে ফি জমা দিয়ে থাকলে) এবং পূর্বের আবেদনপত্রটি বাতিলের জন্য কমান্ড্যান্ট, এএফএমসি বরাবর আবেদন করতে হবে (ই-মেইলের মাধ্যমেও আবেদন করা যাবে)।

গ। কলেজ এর প্রসপেক্টাস, এফএকিউ, ফর্ম পূরণের পদ্ধতি ইত্যাদি তথ্য ওয়েব ঠিকানায় পিডিএফ হিসেবে দেওয়া আছে। এছাড়াও ০১৮৮১৭৭৬৭৭৬ নম্বর-এ **অফিস চলাকালীন সময়** যোগাযোগ করে ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য জানা যাবে।

ঘ। কলেজে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য একটি 'ভর্তি সংক্রান্ত তথ্য কেন্দ্র' অফিস চলাকালীন সময় খোলা থাকবে।

ঙ। 'ও' এবং 'এ' লেভেল উত্তীর্ণ প্রার্থীদের নিজ দায়িত্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সমতা নির্ধারনী সনদপত্র অনুযায়ী GPA পূরণ করতে হবে। পরবর্তিতে নির্দেশমত সনদটির মূল কপি প্রদর্শন করতে হবে।

চ। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য কলেজের ওয়েব সাইট www.afmc.edu.bd এ দেওয়া আছে। ই-মেইল afmcadmission@gmail.com-এর মাধ্যমে এ সংক্রান্ত যে কোন প্রকার যোগাযোগ করা যাবে।

৩। **লিখিত পরীক্ষা** ঃ ভর্তির লিখিত পরীক্ষা আগামী **২০ অক্টোবর ২০১৭** তারিখ শুক্রবার বিকাল ১৫৩০ ঘটিকায় প্রবেশ পত্রে উল্লেখিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় মেধাতালিকা ও কোটার ভিত্তিতে সর্বমোট আবেদনকারীদের মধ্য হতে প্রথম ৭০০০ (সাত হাজার) জন প্রার্থী অংশগ্রহণ করতে পারবে । এসএসসি ও এইচএসসি এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মূল্যায়ন করা হবে।

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুন	= ৭৫ নম্বর (সর্বোচ্চ)	
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুন	= ১২৫ নম্বর (সর্বোচ্চ)	
MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা	= ১০০ নম্বর	মোট ৩০০ নম্বর

ক। লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিদ্যা - ৩০, রসায়নবিদ্যা -৩০, জীববিদ্যা - ৩০, ইংরেজী - ০৫, সাধারন জ্ঞান: বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি- ০৫ (সিলেবাস-এইচএসসি/সমমান)।

খ। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন + এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপি এর ২৫ গুন + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারী মেডিকেল বা ডেন্টাল কলেজ/ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ০৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকায় অন্তর্ভূক্ত করা হবে। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে নূন্যতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গণ্য হবেন। শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভূক্ত করা হবে।

৪। **লিখিত পরীক্ষার ফলাফল ঃ ২৬ অক্টোবর ২০১৭** তারিখ কলেজ ওয়েব সাইট (www.afmc.edu.bd) ও কলেজ নোটিশ বোর্ডে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

৫। **স্বাস্থ্য পরীক্ষা ও মূল নথি-পত্র নিরীক্ষণ** ঃ এএমসি এবং এএফএমসি প্রার্থীদের প্রাথমিক/চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা যথাক্রমে ২৯ অক্টোবর ২০১৭ এবং ৩০ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত হবে। একই তারিখে নিরীক্ষণের জন্য প্রত্যেক প্রার্থীকে ভর্তির লিখিত পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি পরীক্ষার মূল সনদপত্র ও মার্কসীট, উচ্চ মাধ্যমিক এর মূল রেজিষ্ট্রেশন কার্ড এবং ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সঙ্গে নিয়ে আসতে হবে। এছাড়া কোটাভূক্ত প্রার্থীদেরকে নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ

ক) **মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রেঃ** মুক্তিযোদ্ধাদের সন্তানদের তাদের পিতা/মাতার মুক্তিযুদ্ধে অংশগ্রহনের প্রমাণ স্বরূপ বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত সার্টিফিকেট। সশস্ত্র বাহিনীতে চাকুরীরত/অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধা সদস্যদের সন্তানগণের জন্য অফিসার্স রেকর্ড/সংশ্লিষ্ট আর্মস/সার্ভিস রেকর্ড কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট। এ ছাড়া, সশস্ত্র বাহিনীর মুক্তিযোদ্ধা সদস্যদের ক্ষেত্রে এতদ্সংক্রান্ত বিএও পর্যালোচনা করা যেতে পারে। অথবা,

মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রেঃ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যদের পুত্র-কন্যা হিসেবে প্রার্থীকে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে । এছাড়া প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট ।

খ) **উপজাতীয় প্রার্থীগণের ক্ষেত্রেঃ** সংশ্লিষ্ট সার্কেল চীফ এবং জেলা প্রশাসক প্রদত্ত চারিত্রিক ও উপজাতীয়তা প্রমাণের মূল সনদপত্র।

গ) **শুধুমাত্র সশস্ত্রবাহিনীর ব্যক্তিবর্গের (চাকুরীরত/অবসরপ্রাপ্ত) সন্তানদের ক্ষেত্রেঃ** অধিনায়ক ইউনিট/কোরো/রেকর্ডস কর্তৃক সীলমোহর ও প্রতিস্বাক্ষরকৃত সনদপত্র।

৬। **আইএসএসবি** ঃ প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ এএমসি ক্যাডেটদের আইএসএসবি নভেম্বর ২০১৭-এ এর ১ম ও ২য় সপ্তাহে অনুষ্ঠিত হবে।

৭। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হবে। উত্তরপত্র OMR মেশিনে পরীক্ষা করা হবে ।

৮। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কমান্ড্যান্ট
আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ
ঢাকা সেনানিবাস